

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 19-10-2025**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**DEWALI UTSAV :**

আগামীকাল শ্যামা পূজা ও আলোর উৎসব দীপাবলী। সারা রাজ্যে এখন উৎসব মুখর। রাজধানী আগরতলা সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে শ্যামা পূজার বা কালী পূজার আয়োজন চলছে ধূমধামের সঙ্গে। ইতিমধ্যে আগরতলার বিভিন্ন পূজামন্ডপ ও রাজপথ আলোকমালায় সেজে উঠেছে। মূর্তি পাড়ায় ব্যস্ততা এখন তুঙ্গে। কালিপূজার মূল আকর্ষণ ৫১ শক্তিপীঠের অন্যতম উদয়পুরের মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির। মন্দির প্রাঙ্গন আলোকমালায় সেজে উঠেছে। মুখ্যমন্ত্র অধ্যাপক ড: মানিক সাহা আগামীকাল মন্দির প্রাঙ্গনে আয়োজিত প্রতিহ্বাহী দেওয়ালি মেলার উদ্বোধন করবেন। মেলা কমিটির চেয়ারম্যান বিধায়ক অভিষেক দেবরায় জানিয়েছেন, মাতা ত্রিপুরাসুন্দরী মন্দিরের কল্যাণ সাগরে বারানসীর গঙ্গা আরতির আদলে কল্যাণ আরতিরও আয়োজন করা হয়েছে। ইতিমধ্যেই মেলার দোকানিদের মধ্যে স্টল বিতরণ করা হয়েছে। এদিকে, গতকাল রাজ্যেও বিভিন্ন দোকানে ও বাড়িতে ধনতেরাস উৎসব উদযাপিত হয়। গহনার দোকানগুলোতে ভিড় ছিল।

\*\*\*\*\*

**GST Reforms :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন, দ্বিতীয় পর্বের জিএসটি সংস্কার দেশের অর্থনীতিকে চাঞ্চা করে তুলেছে, ফলে উৎসবের মরশ্বমে ইলেকট্রনিক্স,

অটোমোবাইল এবং ভোগ্যপণ্যের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে রেকর্ড বিক্রি হয়েছে। তিনি গতকাল নতুনদিল্লিতে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈঞ্চো এবং বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীযুষ গোয়েলের সঙ্গে 'জিএসটি বচত উৎসব' উপলক্ষে যৌথ সাংবাদিক সম্মেলনে ভাষণ দিচ্ছিলেন। অর্থমন্ত্রী বলেন, সাধারণ মানুষ জিএসটি হার কমানোর সুবিধা লাভ করছেন।

# # # # # Byte-Nirmala Sitharaman # # # #

অনুষ্ঠানে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈঞ্চো বলেন, এই বছরের নবরাত্রি উৎসবে রেকর্ড বিক্রি হয়েছে। তিনি বলেন, আগের নবরাত্রি উৎসবের তুলনায় এ বছর নবরাত্রি মরশ্বমে ইলেকট্রনিক্স বিক্রি ২৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

'জিএসটি বচত উৎসব' সম্পর্কে বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল বলেন, নবরাত্রির মরশ্বমে যানবাহন বিক্রি বেড়েছে এবং ইলেকট্রনিক্স ক্ষেত্রেও সমস্ত রেকর্ড ভেঙে দিয়েছে। তিনি বলেন, এত অস্থির বৈশ্বিক পরিস্থিতিতে, দেশের প্রবৃদ্ধির গতি এতটাই শক্তিশালী যে আন্তর্জাতিক মুদ্রা তহবিলও দেশের প্রবৃদ্ধির পূর্বাভাস ৬.৬ শতাংশে সংশোধন করতে বাধ্য হয়েছে।

\*\*\*\*\*

## CM-NMC :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল জানিয়েছেন, জাতীয় চিকিৎসা কমিশন চলতি শিক্ষাবর্ষ থেকে আগরতলা সরকারি মেডিকেল কলেজের জন্য ৪টি নতুন পিজি আসন অনুমোদন করেছে। এর মধ্যে এমডি রেডিও-ডায়াগনোসিসে ২টি আসন এবং এমডি রেসপিরেটরি মেডিসিনে ২টি আসনের অনুমোদন দিয়েছে।

\*\*\*\*\*

## **Civil Secretariat-Press Meet :**

ধরতি আবা জনভাগিদারি অভিযান ও পিএম জনমন প্রকল্প বাস্তবায়নে শ্রেষ্ঠদের জন্য ত্রিপুরা তিনটি জাতীয় পুরস্কারে পেয়েছে। সমবায় মন্ত্রী শুল্কারণ নোয়াতিয়া গতকাল সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে জানান, গত শুক্রবার নতুন দিল্লির বিজ্ঞান ভবনে কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রক আয়োজিত 'আদি কর্মযোগী অভিযান' বিষয়ে একটি জাতীয় সম্মেলনে রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু এই পুরস্কার তুলে দেন। ধরতি আবা জনভাগিদারি অভিযান প্রকল্প বাস্তবায়ন এবং পিএম জনমন প্রকল্প বাস্তবায়নে শ্রেষ্ঠ রাজ্য হিসাবে ত্রিপুরা দুটি জাতীয় পুরস্কার অর্জন করেছে। সেইসঙ্গে পি এম জনমন প্রকল্প বাস্তবায়নে শ্রেষ্ঠ জেলা হিসাবে স্বীকৃতি পেয়েছে উত্তর ত্রিপুরা জেলা।

সাংবাদিক সম্মেলনে জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা ধরতি আবা জনভাগিদারি অভিযান এবং আদি কর্মযোগী অভিযানের মাধ্যমে রাজ্যের জনজাতিদের জীবনযাত্রার মান উন্নয়নে রাজ্য সরকারের কাজকর্মের বর্ণনা করেন।

\*\*\*\*\*

## **TPMRU :**

স্বাস্থ্য সচিব কিরণ গিত্তে বলেছেন, প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা ও মুখ্যমন্ত্রীর জন আরোগ্য যোজনায় রাজ্যের ১০০ শতাংশ মানুষকে স্বাস্থ্য বীমার আওতায় আনা হয়েছে। গতকাল আগরতলার প্রজ্ঞা ভবনে ত্রিপুরা স্টেট ফার্মাসিউটিক্যাল প্রাইস মনিটরিং এন্ড রিসোর্স ইউনিটের উদ্যোগে

আয়োজিত এক সেমিনারে তিনি একথা বলেন। “সকলের জন্য সাশ্রয়ী মূল্যে ওষুধ, দাম পর্যবেক্ষণ, বাজারভিত্তিক তথ্য সংগ্রহ ও ভোক্তাদের সচেতনতা” শীর্ষক এই সেমিনারে স্বাস্থ্য সচিব আরো বলেন, মেয়াদ উত্তীর্ণ ওষুধ ও নেশা সামগ্রীর বিরুদ্ধে কার্যকরী ভূমিকা নিতে হবে। অনুষ্ঠানে ন্যাশনাল ফার্মাসিটিক্যাল প্রাইজিং অথরিটি অধিকর্তা কুমার অমন ভারতী বলেন, জি এস টি সংশোধন হওয়ায় ওষুধের দাম হ্রাস পেয়েছে।

\*\*\*\*\*

#### **PMMSY :**

প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় উনকোটি জেলার কৈলাশনাথের গড়ে তোলা হচ্ছে মাছের খাদ্য প্রক্রিয়াকরণ কেন্দ্র। দৈনিক দুই টন ক্ষমতাসম্পন্ন এই কেন্দ্রটি গড়ে তুলতে ব্যয় হবে ত্রিশ লক্ষ টাকা। মৎস্য তস্বাবধায়ক প্রনব কান্তি নাথ এথবর জানিয়েছেন।

\*\*\*\*\*

#### **CK Naidu :**

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনুষ্ঠি ২৩ বছরের ট্রিকেটে মধ্যপ্রদেশের কাছে ৮ উইকেটে হেরে গেলো ত্রিপুরা। জৰুলপূর্ণ নিম্নাড়েতে চারদিনের খেলার তৃতীয় দিনে গতকাল ৭ উইকেটে ২২০ রান থেকে খেলতে নেমে স্বাগতিক মধ্যপ্রদেশ প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৭৬ রান করে। ১০ রানে এগিয়ে থেকে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে ১২৮ রানে সবাই আউট হয়ে যায়। জয়ের জন্য ১৩১ রানের লক্ষ্যে নেমে মধ্যপ্রদেশ দ্বিতীয় ইনিংসে ২

উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। এর আগে রাজ্যদল প্রথম ইনিংসে ২৪৬ রান করেছিল।

\*\*\*\*\*

### **Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*